2016/ODD/01/02/BNG–304
(A/B/C/D/E/F/G)/280

PG Odd Semester (CBCS) Exam., December—2016

BENGALI

(3rd Semester)

Course No. BNGCC–304

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

পরীক্ষার্থীদের যে কোনো একটি বিশেষ পাঠ নির্বাচন করে উত্তর দিতে হবে

পাঠক্রম সংখ্যা : BNGCC–304 (A)

[**বিশেষ পাঠ : সাহিত্যতত্ত্ব**]

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও।

ক—গুচ্ছ

১। আকরণবাদী তত্ত্বচিন্তার সঙ্গে সংশ্লিষ্ট যে কোনো তিনজন চিন্তাবিদের নামোল্লেখ করো। আকরণবাদের ক্রমবিকাশ সম্পর্কে বিস্তারিত আলোচনা করো এবং এই তত্ত্বপ্রস্থানের মূল প্রবণতাগুলো চিহ্নিত করো। ৩+১১=১৪

২। *Writing and Difference* গ্রন্থটি কার লেখা? রোলাঁ বার্ত রচিত কোন্ নিবন্ধটিকে আকরণোত্তরবাদী ভাবনায় গুরুত্বপূর্ণ বলা হয়? লেখাটি কবে ছাপা হয়েছিল? সাহিত্যপাঠের ক্ষেত্রে আকরণোত্তরবাদী তত্ত্বচিন্তা কীভাবে নতুন সম্ভাবনার সন্ধান দিতে পারে সে সম্পর্কে দৃষ্টান্তসহ আলোচনা করো। ১+১+১+১১=১৪

খ—গুচ্ছ

৩। বিনির্মাণবাদের সূচনা হয়েছিল যে নিবন্ধটির মাধ্যমে তার নাম কী? কোন্ বিশ্ববিদ্যালয়ে সেটি পঠিত হয়েছিল? ''কোনো পাঠকৃতির বহিরঙ্গেরই শুধু নয়, তার অন্তর্বৃত অর্থকেও অনাবৃত করাই বিনির্মাণবাদী পাঠের লক্ষ্য।'' দৃষ্টান্তসহ আলোচনা করো। ১+১+১২=১৪

৪। আমেরিকার চারজন বিনির্মাণবাদী তাত্ত্বিকের নাম লেখো। বিনির্মাণবাদী পাঠ মানেই পাঠকৃতিকে স্বচ্ছন্দে ভেঙে ''ধ্বংসের মধ্য দিয়ে তা প্রতি মুহূর্তে আবাহন করে নির্মাণকে''। 'চতুষ্পাঠী' উপন্যাস অবলম্বনে মন্তব্যটি পর্যালোচনা করো। ৪+১০=১৪

গ—গুচ্ছ

৫। উত্তর-আধুনিকতার বৈশিষ্ট্য কী কী? বিশ শতকের শেষ দুই দশকে বাংলা সাহিত্যে আধুনিকতা বিতর্ক কীভাবে আধুনিকোত্তরবাদ ও উত্তর-আধুনিকতা সম্পর্কিত মতান্তরের জন্ম দিয়েছে, আলোচনা করো। ৫+৯=১৪

৬। আধুনিকোত্তরবাদের বৈশিষ্ট্য কী? দেবেশ রায়ের 'মফস্বলি বৃত্তান্ত' উপন্যাসে যে উত্তরায়ণবাদী চেতনার ইঙ্গিত রয়েছে তা আলোচনা করো। ২+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। উনিশ ও বিশ শতক থেকে একজন করে নিয়ে দুজন অস্তিত্ববাদী দার্শনিকের নাম লেখো। ''সম্ভাবনা যতক্ষণ সক্রিয়, ব্যক্তি অস্তিত্ব ততক্ষণ প্রাসঙ্গিক।'' এই বক্তব্যের আলোয় অস্তিত্ববাদের তাৎপর্য পর্যালোচনা করো। ২+১২=১৪

৮। *Either/Or* ও *Being and Nothingness*—এই দুটি গ্রন্থের লেখক কে/কারা? '' 'সে রাতে পূর্ণিমা ছিল' উপন্যাসে অস্তিত্বের ছোট ছোট বৃত্ত আপাত সম্পূর্ণতায় পৌঁছেছে।'' সমালোচকের এই সিদ্ধান্ত বিশ্লেষণ করো। ২+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। সিগমুণ্ড ফ্রয়েড রচিত যে কোনো দুটি গ্রন্থের নাম লেখো। মনোবিশ্লেষণবাদের আলোচনায় ফ্রয়েড এবং জাক লাঁকার অবদান বিশদভাবে উপস্থাপন করো। ২+১২=১৪

১০। জাক লাঁকার কোন্ বইটিকে ফ্রয়েডীয় ভাবনার পুনর্ভাষ্য বলে বিবেচনা করা হয়? *Literature and Psychoanalysis* শীর্ষক প্রবন্ধসংগ্রহটির সম্পাদক কারা? সাহিত্য সমালোচনার ক্ষেত্রে মনোবিশ্লেষণবাদী চিন্তাপ্রস্থান কীভাবে প্রাসঙ্গিক হয়ে উঠতে পারে, উদাহরণসহ আলোচনা করো। ১+২+১১=১৪

পাঠক্রম সংখ্যা : BNGCC–304 (B)

[**বিশেষ পাঠ : প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য—১**]

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও।

ক—গুচ্ছ

১। কত শতাব্দী এবং কোন্ অঞ্চলে প্রাকৃত পৈঙ্গলের সঙ্কলন হয়েছিল? প্রাকৃত পৈঙ্গলের কবিতায় বাঙালির তৎকালীন সমাজের যে পরিচয় পাওয়া যায় তা উপযুক্ত উদাহরণ দিয়ে সে বিষয়ে আলোচনা করো। ২+১২=১৪

২। তুর্কী আক্রমণের সময়ে বঙ্গদেশে কোন্ চারটি ধর্মমত প্রচলিত ছিল? ''মধ্যযুগের বাংলা সাহিত্য শুধু হিন্দু, বৌদ্ধ ও অনার্য ধর্মসম্প্রদায়ের দ্বারাই প্রভাবিত নয়, তা সমানভাবে ইসলাম ধর্মের দ্বারাও আন্দোলিত।'' বিষয়টি পর্যালোচনা করো। ২+১২=১৪

খ—গুচ্ছ

৩। 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর রচয়িতা কোন্ দেবতার উপাসক ছিলেন? কোথায় 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর পুঁথিটি পাওয়া গেছে? 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যকে 'নাট-গীতি পাঞ্চালিকা' বলবার যৌক্তিকতা বিচার করো। ১+১+১২=১৪

৪। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে নারদকে কোথায় কোথায় দেখা গেছে? 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে কোন্ বর্ণ সবচেয়ে বেশি ব্যবহৃত হয়েছে? 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে প্রতিফলিত তৎকালীন সমাজের নানা ছবি সুস্পষ্ট—পর্যালোচনা করো। ২+১+১১=১৪

গ—গুচ্ছ

৫। কোন্ অনুবাদ কর্মটি বাংলায় জাতীয় কাব্যের মর্যাদা লাভ করেছে? অনুবাদক ও মূল গ্রন্থকারের নাম লেখো। এই কবিনামের প্রাচীনতম উল্লেখ কোথায় মেলে? কাব্যের মূলানুগত্য ও মৌলিকতা বিষয়ে একটি নিবন্ধ রচনা করো। ১+২+১+১০=১৪

৬। ''ভাগবত অর্থ যত পয়ারে বাঁধিয়া।
লোকনিস্তারিতে করি পাঁচালি করিয়া॥''

বক্তা কে ও পাঁচালির নাম কী? কবির উপাধি কী ছিল? কাব্যটিতে সর্বময় জাতীয় বাসনার শিল্প প্রেরণা ও বাঙালির স্নিগ্ধ জীবনরস চিত্রণে কবির সার্থকতা নিরূপণ করো। ২+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। 'গোর্খ-বিজয়'-এর সম্পাদক কে? গ্রন্থটি কাদের উৎসর্গ করা হয়? 'নাথ' ও 'যোগী' শব্দ দুটির তাৎপর্য বিশ্লেষণ করে নাথযোগীদের সাধনপন্থা সম্পর্কে আলোচনা করো।
১+১+৬+৬=১৪

৮। 'মহুয়া' পালার দুটি পাঠান্তরের নাম উল্লেখ করো। ''এই অপরিসর গীতিকাটির নায়ক-নায়িকার চরিত্রের মধ্য দিয়ে প্রেমের যে বিকাশ দেখিতে পাওয়া যায়, তাহা মানব চরিত্র সম্পর্কে সুগভীর অন্তর্দৃষ্টির পরিচায়ক।'' 'মহুয়া' পালা সম্পর্কে সমালোচকের মন্তব্যটি পর্যালোচনা করো। ২+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। শাক্তগীতি পদাবলির প্রধান পর্যায় কয়টি ও কী কী? ''রামপ্রসাদ তান্ত্রিক সাধক ছিলেন। শাক্তপদাবলীতে তন্ত্রসম্মত ক্রিয়া-আচারও তিনি করেছেন। কিন্তু বাঙালির মনের গভীরে যে সহজ সাধনার ধারাটি ফল্গুধারার মতো বহমান ছিল, তারও উৎসমুখ তিনি তাঁর পদাবলিতে অবারিত করে দিয়েছেন।'' রামপ্রসাদ সেন-এর পদগুলি অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো।
২+১২=১৪

১০। কার আদেশে আলাওল 'পদ্মাবতী' কাব্য রচনা করেন? আলাওল 'পদ্মাবতী' কাব্যে রাজপ্রশস্তি অংশে কোন্ অধিপতির নাম করেছেন? ''প্রেমের মতো সৌন্দর্যকেও আলাওল বস্তু-সত্যের আলোকে অবলোকন ও উপলব্ধি করেন। প্রকৃতিজগৎ ও প্রাণীজগতে যে পার্থিব সৌন্দর্য ছড়িয়ে আছে তাঁর কাব্যে তাই উদ্ভাসিত হয়েছে।'' উপযুক্ত দৃষ্টান্ত দিয়ে মন্তব্যটি বিচার করো। ১+১+১২=১৪

পাঠক্রম সংখ্যা : BNGCC–304 (C)

[**বিশেষ পাঠ : রবীন্দ্রসাহিত্য—১**]

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও।

ক—গুচ্ছ

১। উনিশ শতকের বাঙালির স্বদেশচেতনায় কোন্ 'মেলা'কে প্রথম গুরুত্বপূর্ণ উদ্যোগ হিসেবে ধরা হয়? কোন্ রবীন্দ্রপ্রবন্ধে প্রথম 'অসহযোগ মন্ত্র'-এর উদার আহ্বান ধরা পড়ে? রবীন্দ্রজীবনে স্বাদেশিক সভার ভূমিকা কী? ''বাংলাভূমিকে আত্মশাসনের শক্তিতে সম্পূর্ণ উদ্বোধিত করে তোলার আকাঙ্ক্ষাই রবীন্দ্রনাথের স্বদেশচেতনার মূল সুর।'' কবিকর্মের বিচারে উক্ত মন্তব্যের যথার্থতা নিরূপণ করো। ১+১+২+১০=১৪

২। ঐতিহ্য বলতে কী বোঝায়? রবীন্দ্রনাথের মতে আধুনিকতার স্বরূপ কী? রবীন্দ্রসৃষ্টিতে ঐতিহ্য ও আধুনিকতার দ্বিরালাপ সম্পর্কে একটি নিবন্ধ লেখো। ২+২+১০=১৪

খ—গুচ্ছ

৩। 'বলাকা' কাব্যগ্রন্থে কবিতার সংখ্যা কয়টি? '' 'বলাকা' কাব্যে যে মুক্তির সুর বেজেছে তারই প্রেরণায় এসেছে মুক্তক ছন্দ, যে মুক্তির সাধক রবীন্দ্রনাথ।'' 'বলাকা'র কবিতা অবলম্বনে বিষয়টি বিশদ করো। ১+১৩=১৪

৪। 'বলাকা' কাব্যগ্রন্থের ১ সংখ্যক কবিতাটির শিরোনাম কী ছিল? ''গতিই আমার ও ভারতীয় চিন্তাধারার প্রধান কথা। 'বলাকা'তে সেই গতির জয়গান করা হয়েছে। এখানে দেশী ও বিদেশী প্রভাবের বিচারে কোনো লাভ নেই।'' 'বলাকা'র গতিতত্ত্ব নিয়ে কবির এই বক্তব্য পর্যালোচনা করো। ১+১৩=১৪

গ—গুচ্ছ

৫। 'চোখের বালি' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়? মহেন্দ্রের মাতার নাম কী? '' 'চোখের বালি'কে উপন্যাস সাহিত্যে নবযুগের প্রবর্তক বলা যেতে পারে। অতি আধুনিক উপন্যাসে বাস্তবতা যে বিশেষ অর্থে ব্যবহৃত হয়ে থাকে, এখানেই তার সূত্রপাত। নৈতিক বিচার অপেক্ষা তথ্যানুসন্ধান ও মনস্তত্ত্ব বিশ্লেষণই এর প্রধান লক্ষ্য।'' সমালোচকের এই মন্তব্যটি বুঝিয়ে দাও। ১+১+১২=১৪

৬। 'ঘরে বাইরে' উপন্যাসের প্রকাশকাল কত? উপন্যাসে মাস্টারমশাইয়ের নাম কী? সমকালীন রাজনৈতিক ও সামাজিক ঘটনার প্রেক্ষিতে 'ঘরে বাইরে' উপন্যাসে বিধৃত রবীন্দ্রনাথের রাজনৈতিক ও সামাজিক চিন্তাসূত্রের স্বরূপ আলোচনা করো। ১+১+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। কোনো কোনো পণ্ডিত 'রাজা' নাটকের উপজীব্য হিসাবে 'চতুরঙ্গ সাধনা'র কথা বলেছেন। কোন্ চারটি সাধনপন্থার কথা রয়েছে নাটকটিতে? এই চার পন্থার নাটকীয় অভিব্যক্তি কীভাবে ঘটেছে, নাটকের আলোচনাক্রমে বুঝিয়ে দাও। ৪+১০=১৪

৮। সুবর্ণ কে? নাটকে সে কোন্ প্রয়োজন সিদ্ধ করেছে? ''সুদর্শনার দ্বন্দ্বময় আত্মোপলব্ধির ইতিবৃত্তই 'রাজা' নাটকের মূল বিষয়।'' মন্তব্যটি পর্যালোচনা করো। ১+৩+১০=১৪

ঙ—গুচ্ছ

৯। 'সবুজপত্র' পর্বে প্রকাশিত তিনটি রবীন্দ্র ছোটগল্পের নাম লেখো। উত্তম পুরুষ নারীর কথনে বিবৃত দুটি রবীন্দ্র ছোটগল্পের নাম লেখো। ''নারীমুক্তির ভাবনা রবীন্দ্রগল্পে আদ্যন্ত উপস্থিত থাকলেও সবুজপত্র পর্যায় থেকেই তা পরিণততর অভিব্যক্তি লাভ করেছে।'' তোমার পঠিত গল্প অবলম্বনে বিষয়টি স্পষ্ট করো। ৩+২+৯=১৪

১০। 'লিপিকা' গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়? এটি কী জাতীয় রচনা? রবীন্দ্রগদ্য ভাষার বিবর্তনে 'লিপিকা'র শিল্পিত ভাষার স্থান কোথায়? আলোচনা করো। ১+১+১২=১৪

পাঠক্রম সংখ্যা : BNGCC–304 (D)

(বিশেষ পাঠ : লোকসাহিত্য ও লোকসংস্কৃতি—১)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও।

ক—গুচ্ছ

১। সংগ্রহের স্থানের উল্লেখ করে 'ছেলে ঘুমালো পাড়া জুড়ালো ...' ছড়াটির যে কোনো তিনটি পাঠান্তরের উল্লেখ করো। লোকসাহিত্যের বৈশিষ্ট্যগুলি বিশ্লেষণ করো। ৬+৮=১৪

২। 'মেটামরফোসিস্' কার লেখা? কে সর্বপ্রথম লোকসমাজের মৌখিক ভাষায় লোককথার সংকলন করেছিলেন? Folklore-এর প্রতিশব্দগুলি আলোচনা করে এর যথার্থ বাংলা প্রতিশব্দ কোনটি, এ সম্পর্কে তোমার অভিমত দাও। ১+১+১২=১৪

খ—গুচ্ছ

৩। '' 'ঠাকুরমার ঝুলি'টির মত এতবড় স্বদেশী জিনিস আমাদের দেশে আর কি আছে?'' উক্তিটি কার? 'ঠাকুরমার ঝুলি'র প্রকাশকাল কত? রূপকথায় তৎকালীন বাংলাদেশের সমাজ-জীবনের যে পরিচয় পাওয়া যায়, 'ঠাকুরমার ঝুলি'র গল্পগুলি অবলম্বনে তা বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

৪। 'বাংলার ব্রত' প্রথম কত সালে প্রকাশিত হয়? মেয়েলি ব্রতের দুটি প্রকারভেদ কী কী? 'ভাদুলি' ও 'কুক্কটী' ব্রত দুটি সম্পর্কে আলোচনা করো। ১+১+৬+৬=১৪

গ—গুচ্ছ

৫। ''মায়ের চারি, বাপের চারি,
আল্লার দেওয়া দশ।
আঠারো মুকামের মাঝে
ফিরে মায়া-রস॥''

গানটিতে উল্লিখিত সংখ্যাগুলির তাৎপর্য বিশ্লেষণ করো।

''লোকধর্ম লোকজীবনাশ্রয়ী প্রবৃত্তির নন্দিত স্বভাবের একটি বিধিবদ্ধ বা আচরণীয় রূপ।'' বাংলার কর্তাভজা সম্প্রদায় অবলম্বনে মন্তব্যটি পর্যালোচনা করো। ৪+১০=১৪

৬। 'শামানিজম' বলতে কী বোঝ? জাদুর প্রকারভেদের পরিচয় দিয়ে বাংলার লোকজীবনে জাদুর প্রভাব সম্পর্কে আলোচনা করো। ২+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। তথ্য কয় প্রকার ও কী কী? 'সাত ভাই চম্পা' রূপকথাটির আকরণবাদী পাঠ উপস্থাপিত করো। ২+১২=১৪

৮। 'কালেভালা'র সংগ্রাহকদ্বয়ের নামোল্লেখ করো। নারীবাদের আলোকে বাংলা লৌকিক ছড়ার একটি বিশ্লেষণধর্মী প্রতিবেদন প্রস্তুত করো। ২+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। 'দৃষ্টান্ত-বাক্য-সংগ্রহ'-এর সংগ্রাহক কে? 'ডেস্‌ক্রিপটিভ এথ্‌নোলজি অফ বেঙ্গল' বইটি কার লেখা? বাংলা লোকসংস্কৃতি চর্চায় উইলিয়ম কেরির অবদান সম্পর্কে আলোচনা করো। ১+১+১২=১৪

১০। রবীন্দ্রনাথ সংগৃহীত ছড়ার সংখ্যা কত? বাংলা প্রবাদের সর্বশ্রেষ্ঠ সংকলনগ্রন্থ কোনটি? বাংলা লোকসংস্কৃতি চর্চায় আশুতোষ ভট্টাচার্যের অবদান বিষয়ে আলোচনা করো। ১+১+১২=১৪

পাঠক্রম সংখ্যা : BNGCC–304 (E)

(বিশেষ পাঠ : বাংলা সাহিত্যে নারীচেতনাবাদী ও উপনিবেশোত্তর চেতনাবাদী অধ্যয়ন—১)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও।

ক—গুচ্ছ

১। পিতৃতন্ত্র কী? লিঙ্গ বৈষম্যের স্বরূপ নির্ণয় করো। ''আদর্শায়িত নারীপ্রতিমার নিচে চাপা পড়ে গেছে পিতৃতন্ত্রের ক্ষমতায়নের প্রক্রিয়া।'' এই মন্তব্যের নিরিখে লিঙ্গবিভাজিত সমাজে নারীর সামাজিক অবস্থানের স্বরূপ বিশ্লেষণ করো। ৩+৪+৭=১৪

২। নারীচেতনাবাদী অধ্যয়নে ভাবাদর্শ ও সংস্কৃতির গুরুত্ব নির্ণয় করো। ''নারীচেতনাবাদী পাঠ মানেই পুনর্লিখন-পুনঃপাঠ-পুনর্ব্যাখ্যার প্রক্রিয়া। তাই স্বাভাবিকভাবেই বিশেষ অর্থে নারীচেতনা সংশ্লিষ্ট কিছু আকল্পের নির্মাণ এবং সম্ভাব্য পথের দিশা নির্ণয়ই এধরনের পাঠের লক্ষ্য হওয়া উচিৎ।'' পর্যালোচনা করো। ৪+১০=১৪

খ—গুচ্ছ

৩। সত্যবতীর পিতার নাম কী? নীলাম্বর বাড়ুয্যের স্ত্রীর নাম উল্লেখ করো। '' 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসে সত্যবতীর প্রতিবাদী নারীসত্তার ক্রমোচ্চতাকে ধাপে ধাপে সঞ্চারিত করেছেন ঔপন্যাসিক।'' সমালোচকের এই মন্তব্যটি বুঝিয়ে দাও। ১+১+১২=১৪

৪। 'হাজার চুরাশির মা' উপন্যাসে সুজাতার স্বামীর নাম কী? ''স্বপ্নে সুজাতা _____ বছর আগেকার এক সকালে ফিরে গিয়েছিলেন।'' শূন্যস্থান পূর্ণ করো। ''পিতৃতন্ত্রের সংজ্ঞা বিনির্মাণ করে সুজাতা উত্তীর্ণ হয়েছেন রাজনৈতিক সময়ের জননী ব্যক্তিত্বে।'' 'হাজার চুরাশির মা' উপন্যাস অবলম্বনে মন্তব্যটি বুঝিয়ে দাও। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। 'দহন' ছাড়া সুচিত্রা ভট্টাচার্যের দুটি উপন্যাসের নাম লেখো। মৃণালিনী কে? '' 'দহন' উপন্যাসে মৃণালিনীর অভিজ্ঞতার দর্পণে নারীর সামাজিক অবস্থানের এক বাস্তব চিত্র অনাবৃত হয়েছে।'' মন্তব্যটি পর্যালোচনা করো। ২+১+১১=১৪

৬। তিলোত্তমা মজুমদারের প্রথম উপন্যাসের নাম কী? উপন্যাসটি কবে প্রকাশিত হয়? '' 'রাজপাট' উপন্যাসটি ভূগোল-ইতিহাস-ধর্ম-সংস্কৃতি-অর্থনীতি এবং সামাজিক সম্পর্কের গভীর উপাখ্যান।'' আলোচনা করো। ১+১+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। অনিতা অগ্নিহোত্রীর দুটি গল্পগ্রন্থের নাম লেখো। তাঁর 'স্থানান্তর' গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়? অনিতা অগ্নিহোত্রীর গল্পে 'মানুষের জীবন অন্বেষণ, হয়ে ওঠা, সত্যের সন্ধানে মানুষের খোঁজের ছবি'-ই মূল সুর বেঁধে দিয়েছে। তোমার পঠিত গল্প অবলম্বনে বিষয়টি স্পষ্ট করো। ২+১+১১=১৪

৮। কবিতা সিংহ মূলত কোন্ দশকের কথাকার? তাঁর ছদ্মনাম কী ছিল? কবিতা সিংহ নিজেকে 'মাতৃতন্ত্রী' বলে ভাবতে স্বচ্ছন্দ বোধ করতেন। সেই সূত্রেই তাঁর গল্পে মায়ের সঙ্গে সন্তানের নিবিড় সম্পর্কের শিল্পিত ছবি ফুটে উঠেছে। তোমার পঠিত গল্পের নিরিখে বিষয়টি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। বিজয়া মুখোপাধ্যায়ের 'আমার প্রভুর জন্য' কাব্যগ্রন্থটি কত সালে প্রকাশিত হয়? তাঁর অন্য একটি কাব্যগ্রন্থের নাম লেখো। বিজয়া মুখোপাধ্যায়ের কবিতা অন্যায় ও অত্যাচারের বিরুদ্ধে জ্বলে উঠেছে 'প্রত্যাঘাতের বারুদস্পর্শে'। তোমার পাঠ অভিজ্ঞতা থেকে বিষয়টি স্পষ্ট করো। ১+১+১২=১৪

১০। মল্লিকা সেনগুপ্তের জন্ম কত সালে? তাঁর প্রথম পূর্ণাঙ্গ কাব্যগ্রন্থের নাম কী? ''সিন্ধু সভ্যতা থেকে সমকাল এক তীক্ষ্ণ ও মর্মস্পর্শী ভাষায় মল্লিকা সেনগুপ্তের কবিতায় সৃষ্টি করে মানবী চেতনার এক নতুন আলোপৃথিবী।'' এই মন্তব্যের আলোকে 'আগুনবাহক' ও 'সিন্ধুদ্রাবিড়' কবিতা দুটি আলোচনা করো। ১+১+৬+৬=১৪

পাঠক্রম সংখ্যা : BNGCC–304 (F)

(বিশেষ পাঠ : ভাষাবিজ্ঞান)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও।

ক—গুচ্ছ

১। প্রাচীন ভারতীয় ভাষাজিজ্ঞাসা প্রধানত কোন্ রূপে বিকাশ লাভ করেছিল? ভারতবর্ষে ভাষাচর্চায় ভাষাকে বৈজ্ঞানিক পদ্ধতিতে বিশ্লেষণ করার সূচনা কখন থেকে শুরু হয়েছিল এবং কোথায় তার নিদর্শন পাওয়া যায়? প্রাচীন ভারতে বৈজ্ঞানিক পদ্ধতিতে ভাষা আলোচনার ইতিহাসের যে কোনো দুটি ধারা সম্পর্কে আলোচনা করো। ১+২+১১=১৪

২। স্যসুর ও চমস্কি এবং প্রাচীন ভারতীয় বাক্‌চিন্তার সাদৃশ্য সম্পর্কে আলোচনা করো। ১৪

খ—গুচ্ছ

৩। আলেক্সান্দ্রিয়ান গোষ্ঠী বলতে কী বোঝায়? অ্যারিস্টটলের সময়কাল উল্লেখ করো। প্রাচীন গ্রীসের ভাষাচর্চায় প্লেটোর অবদান সম্পর্কে বিশদ আলোচনা করো। ২+১+১১=১৪

৪। কুইন্তিলিয়ানুস লিখিত গ্রন্থটির নাম লেখো। কোন্ সময়ে গ্রীস, রোমান সাম্রাজ্যের অধীনে আসে? প্রাচীন রোমের ভাষাচর্চায় প্রিস্কিয়ানুস-এর অবদান আলোচনা করো। প্রাচীন গ্রীসের ভাষাচর্চায় অ্যারিস্টটলের অবদান আলোচনা করো। ১+১+৫+৭=১৪

গ—গুচ্ছ

৫। বাংলায় দ্বিস্বর, ত্রিস্বর, চতুঃস্বর ও পঞ্চস্বর-এর দুটি করে উদাহরণ দাও। 'দল' বলতে কী বোঝ? C^3V^1, $C^3V^1C^1$, C^3V^2, $C^1V^2C^1$—প্রতিটির দুটি করে উদাহরণ দাও। রূপিম কতপ্রকার ও কী কী, উদাহরণসহ আলোচনা করো। ৪+২+৪+৪=১৪

৬। বাংলা ভাষার ধ্বনি পরিবর্তনের শ্রেণীবিভাগ সংক্ষেপে আলোচনা করো। নিম্নলিখিত বাক্যগুলি IPAতে লিপ্যন্তর করো : ১০+২+২=১৪

(ক) গগনে গরজে মেঘ ঘন বরষা

(খ) আয় তোর মুণ্ডুটা দেখি, আয় দেখি ফুটোস্কোপ দিয়ে

ঘ—গুচ্ছ

৭। পদগুচ্ছ সংগঠন সূত্র বলতে কী বোঝ? পদগুচ্ছ সংগঠন সূত্র অনুযায়ী নিম্নলিখিত বাক্যগুলির গঠন নির্দেশ করো : ৫+৩+৩+৩=১৪

(ক) মধুশ্রী আজ এখানে গান গাইবে

(খ) বিশাল খুব শান্ত ছেলে

(গ) সুতপা বাড়ি গিয়ে পড়তে বসবে

৮। 'সংবর্তনী-সঞ্জননী-ব্যাকরণ' বলতে কী বোঝ? বাংলা বিশেষ্যগুচ্ছের দশটি আয়তন আলোচনা করো। ৪+১০=১৪

ঙ—গুচ্ছ

৯। দুজন শৈলীবিজ্ঞানীর নাম লেখো যাঁরা কবিতার শৈলী নিয়ে চর্চা করেছেন। কবিতার শৈলী নির্ণয়ে এঙ্কভিস্ট-এর মডেলটি আলোচনা করো। ২+১২=১৪

১০। শৈলীবিজ্ঞান বলতে কী বোঝ? 'লীচ'-এর মডেল অনুযায়ী নিচের কবিতাটির শৈলী বিশ্লেষণ করো : ৪+১০=১৪

''চল রাস্তায় সাজি ট্রামলাইন,
আর কবিতায় শুয়ে কাপ্লেট।
আহা উত্তাপ কত সুন্দর
তুই থার্মোমিটারে মাপলে,
হিয়া টুপটাপ জিয়া নস্টাল
মিঠে কুয়াশায় ভেজা আস্তিন।
আমি ভুলে যাই কাকে চাইতাম
আর তুই কাকে ভালোবাসতিস।''

পাঠক্রম সংখ্যা : BNGCC–304 (G)

(বিশেষ পাঠ : বাংলা কথাসাহিত্য)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও।

ক—গুচ্ছ

১। বাংলা সাহিত্যে প্রথম শিল্পসার্থক উপন্যাস কোনটি? ''প্রতাপ ও প্রান্তিকায়িত বর্গের মধ্যবর্তী পরিসরে বুদ্ধিজীবী লেখকদের বিচিত্র ভূমিকা, তাদের স্ববিরোধিতা ও আত্ম-প্রতারণা উপন্যাসের পাঠকৃতিতে যুক্ত করেছে নতুন নতুন কৌণিকতা।'' সমালোচকের এই মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+১৩=১৪

২। 'ক্রাইম এ্যাণ্ড পানিশমেন্ট' উপন্যাসটির লেখক কে? বাখতিনের মতে উপন্যাসের দুটি ধরনের নাম লেখো। ''উপন্যাস মূলত আখ্যান। এই আখ্যান জীবনের আবার পরা-জীবনেরও। আরো বলা যায়, যতখানি চেতনার ততটা অবচেতনার। গতি ও স্থিতির দ্বিবাচনিকতা এতে নানাভাবে প্রতিবিম্বিত হয়ে থাকে।'' উপযুক্ত দৃষ্টান্ত সহযোগে বিষয়টি বুঝিয়ে দাও। ১+২+১১=১৪

খ—গুচ্ছ

৩। 'প্রেম নেই' উপন্যাসের প্রকাশকাল লেখো। কোন্ সময়ের রাজনৈতিক ঘটনা এই উপন্যাসের অবলম্বন? রাজনৈতিক ও ধর্মীয় ঘটনার আবর্তে প্রেম ও দাম্পত্য সম্পর্কের যে রেখাচিত্র ঔপন্যাসিক এঁকেছেন—তার সাফল্য ও ব্যর্থতার স্বরূপ আলোচনা করো। ১+১+১২=১৪

৪। 'বারো ঘর এক উঠান' উপন্যাসটির বীজ নিহিত রয়েছে যে গল্পে সেই গল্পটির নাম লেখো। ''লেখক জ্যোতিরিন্দ্র নন্দী শিবনাথ চরিত্র অবলম্বন করে মধ্যবিত্তের জীবন দর্শনকে নয়, মুখ্যত দর্শনহীন জীবনেরই কথা বলেছেন।'' বক্তব্যটি পর্যালোচনা করো। ১+১৩=১৪

গ—গুচ্ছ

৫। 'কালবেলা' উপন্যাস কোন্ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল? রাজনৈতিক উপন্যাস হিসেবে 'কালবেলা' উপন্যাসের সার্থকতা বিচার করো। ১+১৩=১৪

৬। পাঠ্য উপন্যাসটি ছাড়া দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের দুটি উপন্যাসের নাম লেখো। '' 'শোকমিছিল' শোকাবহ, শোচনীয়তার মধ্যেও হয়ে ওঠে মানুষের দিকে, জীবনের দিকে ফিরে তাকানোর গল্প ... শোক নয়, পুনরুজ্জীবন এ উপন্যাসে প্রতীকায়িত হয়েছে।'' তোমার পাঠ-অভিজ্ঞতার সাহায্যে বিষয়টি স্পষ্ট করো। ২+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। প্রফুল্ল রায়ের 'আকাশের নীচে মানুষ' উপন্যাসটি যে দুটি পুরস্কারে ভূষিত হয়েছে সেই দুটি পুরস্কারের নাম উল্লেখ করো। উপনিবেশোত্তর চেতনার আলোকে 'আকাশের নীচে মানুষ' উপন্যাসটির মূল্যায়ন করো। ২+১২=১৪

৮। দেবেশ রায়ের 'মফস্বলি বৃত্তান্ত' উপন্যাসটি প্রথম কবে গ্রন্থাকারে প্রকাশিত হয়? ''চ্যারকুটে ইদানীন্তন সভ্যতার মিছিলের উপর চিরকালীন মানব-সভ্যতার চাষ করতে চায়।'' 'মফস্বলি বৃত্তান্ত' উপন্যাস অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো। ২+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। 'বিবির মিথ্যা তালাক ও তালাকের বিবি ও হলুদ পাখির কিস্‌সা' উপন্যাসটি কত সালে প্রথম ছাপা হয়েছিল? উক্ত রচনাটি ছাড়া আফসার আমেদ রচিত 'কিস্‌সা' গোত্রের আরও দুটি উপন্যাসের নামোল্লেখ করো। 'বিবির মিথ্যা তালাক' শীর্ষক উপন্যাসটি সমাজ-জীবনের এক আশ্চর্য প্রতিরূপ—বাস্তব আর কল্পনার মিশেলে এই আখ্যানটি বহুমুখী পাঠের দিকে আমাদের চালিত করে। বিশ্লেষণ করো। ১+২+১১=১৪

১০। 'অশ্বচরিত' ব্যতিরেকে অমর মিত্রর দুটি উপন্যাসের নাম লেখো। 'অশ্বচরিত' উপন্যাসের জন্য লেখক কোন্ পুরস্কারে সম্মানিত হয়েছিলেন? '' 'অশ্বচরিত' শুধু এক হারানো ঘোড়া খোঁজার গল্প নয়। বাইরের কাহিনিকে নিরাকৃত করে উপন্যাসটি হয়ে উঠেছে এক যুদ্ধবিরোধী প্রতিবেদন।'' মন্তব্যটি বিশ্লেষণ করো। ২+১+১১=১৪

★★★